

তৈরি হচ্ছে প্রাথমিক বইয়ের ডিজিটাল সংস্করণ

প্রাথমিক স্তরের উল্লেখযোগ্য সংখ্যক পাঠ্যপুস্তকের ডিজিটাল সংস্করণ প্রকাশ করে প্রাথমিক শিক্ষাকে আরও অর্থবহ করা হচ্ছে। আমাদের শিক্ষার সঙ্গে আনন্দ যোগ খুব একটি নৈই। বর্তমান সরকার এ অবস্থা থেকে উত্তরণ চায়। গতকাল সোমবার রাজধানীতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের সভাকক্ষে 'ডেভেলপিং ইন্টারঅ্যাকটিভ মাল্টিমিডিয়া ডিজিটাল ভার্সন অব প্রাইমারি এডুকেশন কনটেন্ট' কর্মসূচির আওতায় 'ডিজিটাল কন্টেন্ট উপস্থাপনা' অনুষ্ঠানে এসব কথা বলেন আইসিটি প্রতিমন্ত্রী ছুনাইদ আহমেদ।

অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেন, প্রযুক্তির সহায়তায় এ ধরনের কর্মসূচি আমাদের শিক্ষাব্যবস্থাকে এগিয়ে দেবে। শিক্ষার সঙ্গে আনন্দ যোগে বর্তমান সরকার অগ্রণী ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইসিটি সচিব শ্যাম সুন্দর সিকদার, প্রাথমিক ও গণশিক্ষা সচিব মেহবাহউল আলম, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক এস এম আশরাফুল ইসলাম, প্রাথমিক শিক্ষা-অধিদপ্তরের মহাপরিচালক আলমগীর, এনসিটিবির চেয়ারম্যান নারায়ণ চন্দ্র পালসহ অনেকে।

অনুষ্ঠানে জানানো হয় আইসিটি বিভাগের উদ্যোগে এবং ন্যাশনাল কারিকুলাম অ্যান্ড টেক্সটবুক বোর্ড, বাংলাদেশের (এনসিটিবি) সিলেবাস অনুযায়ী এই কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। ৪ কোটি ৯৯ লাখ টাকা ব্যয়ে এই কর্মসূচি বাস্তবায়নের মেয়াদকাল ২০১৪ সালের মার্চ থেকে ২০১৬ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত। কর্মসূচি বাস্তবায়নে কারিগরি সহযোগিতা করছে ত্র্যাক ও সেভ দ্য চিলড্রেন। প্রাথমিক শ্রেণির ৩৪টি বইয়ের মধ্যে ১৭টি বইয়ের ডিজিটাল সংস্করণ তৈরি হচ্ছে। ইংরেজি বিষয়ের ৫টি বইয়ের ডিজিটাল সংস্করণ তৈরি করবে সেভ দ্য চিলড্রেন এবং ১২টি করবে ত্র্যাক।

● রাহিউল ইসলাম

মিরপুরের স্কুলে ডিজিটাল পাঠদান

ঢাকার মিরপুরের প্রাইম পড়াশোনা হবে একটি মাত্র ডিজিটাল ইন্টারন্যাশনাল স্কুলে ডিজিটাল যন্ত্রে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাইম ইন্টারন্যাশনাল স্কুলের অধ্যক্ষ জয়নুল আবেদিন, মিরপুর ইংলিশ ভার্সন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ইয়াহিয়া খান, বিজয় ডিজিটালের প্রধান নির্বাহী জেসমিন জুই, ঢাকা সিটি স্কুলের অধ্যক্ষ আলমগীর হোসেন, বাংলাদেশ আদর্শ শিক্ষা নিকেতন উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম তালুকদার প্রমুখ। পরে অনুষ্ঠানে বিজয় শিশু শিক্ষা ও বিজয় প্রাথমিক শিক্ষা সফটওয়্যার প্রদর্শন করা হয়।

● বিজ্ঞপ্তি